

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৭০.২০১৩- ১৫৬

তারিখঃ ২০.০৪.২০১৩খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মুহাম্মদ মোরশেদ আলম (১২৫৪৩৩), সহকারী সার্জন, পরমেশ্বরদী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালমারী, ফরিদপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১১/০৪/২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু ডাঃ মুহাম্মদ মোরশেদ আলম (১২৫৪৩৩), সহকারী সার্জন, পরমেশ্বরদী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালমারী, ফরিদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২) (বি) বিধি মোতাবেক তাঁর ১টি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ০১ (এক) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৭০.২০১৩ - ১৫৬/১ (৯)

তারিখঃ ২২.০৪.২০১৩ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ-

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ এর অনুরোধ করা হল)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-পরিচালক(শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৫। উপ-সচিব(পার-৩ অধিশাখা) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিভিল সার্জন, ফরিদপুর।
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মুহাম্মদ মোরশেদ আলম (১২৫৪৩৩), সহকারী সার্জন, পরমেশ্বরদী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালমারী, ফরিদপুর।



(হাছিনা বেগম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ-৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd